

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
১৬, আবদুল গণি রোড, ঢাকা।
website: www.dgfood.gov.bd

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৯৪.১৬.

তারিখ : ১২/১২/২০১৫ খ্রি:।

বিষয় : অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০১৬-১৭ এর আওতায় আতপ চালের বিভাগ, জেলা ও উপজেলাওয়ারী বিভাজন।

সূত্র : খাদ্য মন্ত্রণালয় এর স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.২১.০০৮.২০১৬-৭৪, তারিখ ১২-১২-২০১৬ইং।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রে বর্ণিত স্মারকে অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০১৬-১৭ এর আওতায় চট্টগ্রাম বিভাগে ৩৫,০০০ মেঃটন ও সিলেট বিভাগে ১৫,০০০ মেঃটন; মোট ৫০,০০০ মেঃটন আতপ চাল সংগ্রহের লক্ষ্যে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে :

- (ক) ২০১৬-১৭ সালের আমন মৌসুমে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) মেট্রিক টন আতপ চাল সংগ্রহ করা হবে ;
- (খ) চালের সংগ্রহ মূল্য প্রতিকেজি ৩২.০০ (বত্রিশ) টাকা ;
- (গ) চাল সংগ্রহের সময়সীমা ১৫ মার্চ, ২০১৭ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হলো ;
- (ঘ) আমন সংগ্রহ ২০১৬-১৭ এর আওতায় আতপ চালের জন্য মিলারদের সাথে চুক্তির সময়সীমা ২০.১২.২০১৬খ্রিঃ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হলো ;
- (ঙ) মিলারদের প্রদেয় বস্তার জামানত মূল্য ৫০ কেজি ধারণক্ষম বস্তার প্রতিটির জন্য ৮০.০০ (আশি) এবং ৩০ কেজি ধারণক্ষম বস্তার প্রতিটির জন্য ৬০.০০ (ষাট) টাকা ধার্য করা হলো ;
- (চ) বিগত বোরো সংগ্রহ-২০১৬ মৌসুমে যে সব মিলার আতপ চালের চুক্তি সম্পাদন করেননি এবং যারা চুক্তি সম্পাদন করেও সমুদয় চাল সরবরাহে ব্যর্থ হয়েছেন, তাদের চলতি আমন মৌসুম ২০১৬-২০১৭ সংগ্রহ কার্যক্রমে অংশ গ্রহণে বারিত রাখতে হবে।

এক্ষণে সূত্রে বর্ণিত স্মারকে অনুমোদনকৃত চট্টগ্রাম বিভাগে ৩৫,০০০ মেঃটন ও সিলেট বিভাগে ১৫,০০০ মেঃটন; মোট ৫০,০০০ মেঃ টন আতপ চালের লক্ষ্যমাত্রার উপজেলাওয়ারী বিভাজন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে প্রেরণ করা হল। প্রেরিত লক্ষ্যমাত্রার বিভাজন তাঁর অঞ্চলের অন্তর্ভুক্ত জেলা/উপজেলা সমূহের জেলা খাদ্য নিয়ন্ত্রক/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রকসহ সংশ্লিষ্ট সকলকে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হল।

এমতাবস্থায় উপরে বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী সংগ্রহ নীতিমালা-২০১০ যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশ মানের চাল সংগ্রহের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

প্রাপক : আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
চট্টগ্রাম/ সিলেট।

(মোঃ আবদুল আজিজ মোল্লা)
পরিচালক, সংগ্রহ বিভাগ
e-mail: dproc@dgfood.gov.bd

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৯৪.১৬.

তারিখ : ১২/১২/২০১৬ খ্রি:।

অনুলিপি :

- ১। সচিব, খাদ্য বিভাগ, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৪। সকল পরিচালক খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী/অগ্রণী/জনতা/কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। সংশ্লিষ্ট শাখা ব্যাংক সমূহকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হল।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৭। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপরোক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, দপ্তরে ফ্যাক্স করার জন্য অনুরোধ করা হল।
- ৮। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপরোক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।

(মোঃ আব্দুল হক)
১২.১২.১৬
(মোহাম্মদ আমিনুল এহসান)

উপ-পরিচালক, সংগ্রহ

৮৩৩